দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ৮০ কলাম ৩

'এ' এবং 'ও' লেভেল পরীক্ষা

# খুলনা ও রাজশাহীতে আরও নতুন দু'টি কেন্দ্র

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** 'এ' এবং 'ও' লেভেল পরীক্ষায় অংশগ্রহণকারী বাংলাদেশী পরীক্ষার্থীদের সুবিধার জন্য এডিক্সেল ইন্টারন্যাশনাল ব্রিটিশ কাউন্সিলের সহযোগিতায় খুলনা ও রাজশাহীতে আরও দু'টি পরীক্ষা কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। শনিবার স্থানীয় একটি হোটেলে ব্রিটিশ কাউন্সিল আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ তথ্য জানানো হয়। উল্লেখ্য, এডিক্সেল ইন্টারন্যাশনাল বাংলাদেশে ব্রিটিশ কাউন্সিলের মাধ্যমে তাদের কার্যক্রম পরিচালনা করে। এডিক্সেল ইন্টারন্যাশনাল ইংল্যান্ডের সবচেয়ে বড় ৩টি এক্সজামিনেশন বডির একটি। বর্তমানে বাংলাদেশসহ সারাবিশ্বে ১০৫টি দেশে এডিক্সেলের কার্যক্রম পরিচালিত হচ্ছে। এডিক্সেল তাদের কার্যক্রমকে সঠিকভাবে পরিচালনার জন্য কুয়ালালামপুর, কায়রো, হংকং, দুবাই, মাস্কাট, বেজিং এবং দিল্লিসহ বেশকিছু আঞ্চলিক কেন্দ্র রয়েছে। ২০০১ সালে সারাবিশ্বে এডিক্সেলের অধীনে ২.৫ মিলিয়ন পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছিল। ২০০২ সালে এ সংখ্যা এসে দাঁড়িয়েছে ২.৮ মিলিয়নে।

সাংবাদিক সম্মেলনে ব্রিটিশ কাউন্সিলের টিচিং সেন্টার অ্যান্ড একজামিনেশন ম্যানেজার মার্ক বার্থোলোমিউ বলেন, বাংলাদেশে ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের সংখ্যা দিন দিন বাড়ছে। পরীক্ষাতেও তারা ভাল করছে। অনেক সময় ইংল্যান্ডের ছেলেমেয়েদের চেয়েও তারা ভাল করছে।

তিনি বলেন, প্রথমে কেবলমাত্র ঢাকাতেই
পরীক্ষা কেন্দ্র ছিল। দেশের বিভিন্ন অঞ্চল
থেকে পরীক্ষার্থীদের ঢাকায় এসে পরীক্ষ
দেয়াটা একটি কঠিন কাজ। শিক্ষার্থীদের
দুর্ভোগ কমানোর জন্য চট্টগ্রাম ও সিলে
ইতোমধ্যেই পরীক্ষা কেন্দ্র স্থাপন ক
হয়েছে। বর্তমানে খুলনা ও রাজশাহী থে
অনেকে 'এ' এবং 'ও' লেভেল পরীক্ষা
অংশ নিচ্ছে। তাদের সুবিধার জন্যই খুল
ও রাজশাহীতে পরীক্ষা কেন্দ্র স্থাপনে
সিদ্ধান্ত নেয়া হয়েছে। ইংরেজি মাধ্যমে
শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে যাতে মানসম্ম
শিক্ষা নিশ্চিত করা যায় সেজন্য ব্রি
কাউন্সিলের পক্ষ থেকে শিক্ষক
বিনামূল্যে প্রশিক্ষণ দেয়া হচ্ছে ব
সাংবাদিক সম্মেলনে মার্ক জানান।

সাংবাদিক সম্মেলনে এডি
ইন্টারন্যাশনালের ডেভেলপমেন্ট ম্যানে
নিক স্যামসাম বলেন, উচ্চ মানসম্মত শি
নিশ্চিত করাই আমাদের অঙ্গীকার। তি
বলেন, ইংল্যান্ড ও বাংলাদেশে এ
ধরনের কোয়ালিটি নিশ্চিত করা
সেদিক থেকে বাংলাদেশের একজন ছ
সঙ্গে ইংল্যান্ডের একজন ছাত্রের
পার্থক্য নেই। বাংলাদেশে প্রতিবছর
সেশনে ৫ হাজার পরীক্ষার্থী এডিক্সে
অধীনে পরীক্ষা দিয়ে থাকে। বাংলা
এডিক্সেলের কার্যক্রম সঠিক
পরিচালনার জন্য খুব শিগগিরই এ
প্রতিনিধি নিয়োগ করা হবে বলে
উল্লেখ করেন।

সাংবাদিক সম্মেলনে এ
ইন্টারন্যাশনাল দিল্লি শাখার উপদে
জে নন্দীসহ ঢাকার ব্রিটিশ কাউ
কর্মকর্তাদের মধ্যে সাইদুর রহমান,
খাতুন, শাকিলা আজীম ও ম্যাক্স
ছিলেন।